

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৪(আগরতলা ২৬।০৫)

খোয়াই, ২৬ মে, ২০২৪

খোয়াই মহকুমা ভিত্তিক নজরুল জন্মজয়ন্তী

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ও বাঘায়তীন ক্লাবের সহযোগিতায় গতকাল খোয়াইয়ে
বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে খোয়াই মহকুমা ভিত্তিক নজরুল জন্মজয়ন্তী উদযাপন করা হয়। সকালে
খোয়াইয়ের লালছড়াস্থিত কাজী নজরুল ইসলামের মর্মর মূর্তিতে পুক্ষার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন
খোয়াই জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য দীপঙ্কর ভট্টাচার্য, খোয়াই মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা
কমিটির সদস্য নির্বার ভৌমিক ও শুভম আইচ, বাঘায়তীন ক্লাবের সহসভাপতি প্রদীপ্ত নারায়ণ চৌধুরী,
মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক দুলাল দেববর্মা প্রমুখ। মহকুমা ভিত্তিক
নজরুল জন্মজয়ন্তী উপলক্ষে সন্ধ্যায় লালছড়াস্থিত বাঘায়তীন ক্লাবের নজরুল মধ্যে মনোজ্ঞ সাংস্কৃতিক
অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীগণ নজরুল গীতি, আবৃত্তি ও নৃত্য পরিবেশন
করেন।
